

প্রগতিশীল প্রযুক্তি অন্তর্ভুক্তিমূলক
উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের দপ্তর
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭



স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০১৯.২০.১৭৩৮

২৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৪ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: শেখ রাসেল স্কুল অব ফিউচার-এ রোবটিক্স কর্ণারের ভিত্তি প্রস্তরের ফলক স্থাপন।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)” এর আওতায় সারাদেশে প্রতিটি সংসদীয় আসনে একটি করে মোট ৩০০টি “শেখ রাসেল স্কুল অব ফিউচার” স্থাপন করা হয়েছে। শেখ রাসেল স্কুল অব ফিউচার সমৃদ্ধকরণের লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠানে ১টি করে রোবটিক্স কর্ণার স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রতিটি রোবটিক্স কর্ণারে ৪র্থ শিল্প বিপ্লব সংশ্লিষ্ট বিভিন্ন শিক্ষা উপকরণ- ১টি করে ৩ডি প্রিন্টার, ১টি কন্ট্রোলারসহ ভিআরসহ হেড সেট, ২ সেট বেসিক রোবটিক্স ইন্সট্রুমেন্ট এবং ২ সেট এ্যাডভান্সড রোবটিক্স ইন্সট্রুমেন্ট সরবরাহ করা হবে।

০২। বেসিক রোবটিক্স ইন্সট্রুমেন্ট হিসাবে ২ ধরনের ডেভেলপমেন্ট বোর্ড, ব্রিডবোর্ড, বিভিন্ন সেন্সর, একাধিক মোটর, মোটর ড্রাইভার, রেজিস্টার, থার্মিস্টার, সোল্ডারিং আয়রন, মাল্টিমিটার, ওপেনসোর্স হার্ডওয়্যার, এডুকেশনাল ডোন, বিভিন্ন ইলেকট্রনিক্স কম্পোনেন্ট এবং এ্যাডভান্সড রোবটিক্স ইন্সট্রুমেন্ট হিসেবে আন্তর্জাতিক ব্র্যান্ডের ২টি এ্যাডভান্সড রোবটিক্স কিটস সরবরাহ করা হবে।

০৩। রোবটিক্স ইন্সট্রুমেন্ট ব্যবহারের সুবিধার্থে কর্ণারে ২টি টেবিল (৮ ফুট বাই ৪ ফুট), ৩০টি শিক্ষার্থী টুল, ১টি করে শিক্ষক টেবিল ও চেয়ার সরবরাহ করা হবে। এছাড়া কক্ষটি নির্দিষ্ট ডিজাইনে রেনোভেশন করে দেয়া হবে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৮/১০/২০২৩ তারিখ সকাল ১০.০০ টায় রোবটিক্স কর্ণারের ভিত্তি প্রস্তর স্থাপনের সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। ভিত্তি প্রস্তর স্থাপনের ফলকের নমুনা এ সাথে প্রেরণ করা হলো। আগামী ১৭/১০/২০২৩ তারিখের মধ্যে রোবটিক্স কর্ণার স্থাপনের জন্য নির্ধারিত কক্ষের সামনে নমুনা অনুযায়ী (২ ফুট x ১.৫ ফুট) স্টোন ফলক স্থাপন নিশ্চিত করতে হবে। রোবটিক্স কর্ণারের ফলক স্থাপনের ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে করতে হবে।

০৪। এমতাবস্থায়, শেখ রাসেল স্কুল অব ফিউচারে রোবটিক্স কর্ণারের ভিত্তি প্রস্তরের স্টোন ফলক স্থাপনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ফলকের নমুনা।

১৪-১০-২০২৩
এস এ এম রফিকুল্লাহী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
০২-৫৫০০৬৮২৬ (ফোন)
০২-৫৫০০৬৮২৬ (ফ্যাক্স)
pdsrdl@doict.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষককলেজ/বিদ্যালয়।।

স্মারক নম্বর:

২৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৪ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।;
- ২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)।;

- ৪। জেলা প্রশাসক (সকল)।;
- ৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।;
- ৬। সচিবের একান্ত সচিব, আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।;
- ৭। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।;
- ৮। উপ-প্রকল্প পরিচালক (সাধারণ), শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়), আইসিটি টাওয়ার, ঢাকা।;
- ৯। উপ-পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক উপ-পরিচালকের কার্যালয়।;
- ১০। জেলা শিক্ষা অফিসার (সকল)। (আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
- ১১। প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। (আওতাধীন সকল সহকারী প্রোগ্রামার গণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
- ১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।;
- ১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)। (আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও ফলক স্থাপন নিশ্চিত করার অনুরোধসহ);
- ১৪। সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। (আওতাধীন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও ফলক স্থাপন নিশ্চিত করার অনুরোধসহ) এবং
- ১৫। টিম লিডার, পরামর্শক প্রতিষ্ঠান, ডিডিসি এন্ড এমসিসি লিঃ, মহাখালী, ঢাকা (রোবটিক্স কর্নার স্থাপনের জন্য প্রতিষ্ঠান পরিদর্শন, তদারকী এবং প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।।



Murad

১৪-১০-২০২৩

মির্জা মুরাদ হাসান বেগ

উপ প্রকল্প পরিচালক (সাধারণ) (অতিরিক্ত দায়িত্ব)